

🗏 ইয়াসীন | Ya-Sin | ০০০০

আয়াতঃ ৩৬:৩৩

💵 আরবি মূল আয়াত:

وَ أَيَدُّ لَّهُمُ الأَرضُ المَيتَدُّ اَحيَينُهَا وَ اَخرَجنَا مِنهَا حَبًّا فَمِنهُ يَاكُلُونَ ﴿ ٣٣﴾

🗚 অনুবাদসমূহ:

আর মৃত যমীন তাদের জন্য একটি নিদর্শন, আমি তাকে জীবিত করেছি এবং তা থেকে শস্যদানা উৎপন্ন করেছি। অতঃপর তা থেকেই তারা খায়। — আল-বায়ান

মৃত যমীন তাদের জন্য একটা নিদর্শন। তাকে আমি জীবিত করি আর তা থেকে আমি উৎপন্ন করি শস্য যা থেকে তারা খায়। — তাইসিরুল

তাদের জন্য একটি নিদর্শন মৃত ধরিত্রী, যাকে আমি সঞ্জীবিত করি এবং যা হতে উৎপন্ন করি শস্য, যা তারা আহার করে। — মুজিবুর রহমান

And a sign for them is the dead earth. We have brought it to life and brought forth from it grain, and from it they eat. — Sahih International

৩৩. আর তাদের জন্য একটি নিদর্শন মৃত যমীন, যাকে আমরা সঞ্জীবিত করি এবং তা থেকে বের করি শস্য, অতঃপর তা থেকেই তারা খেয়ে থাকে।

তাফসীরে জাকারিয়া

- (৩৩) মৃত ধরিত্রী ওদের জন্য একটি নিদর্শন,[1] যাকে আমি সঞ্জীবিত করি এবং যা হতে উৎপন্ন করি শস্য, যা ওরা ভক্ষণ করে।
 - [1] অর্থাৎ, আল্লাহ তাআলার অস্তিত্ব, তাঁর পরিপূর্ণ ক্ষমতা এবং মৃতদের পুনরায় জীবিত করার উপর নিদর্শন।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3738



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন